# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫১৪

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

---

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، عَنِ الْعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ عَلِّمْنِي شَيْئًا أَسْأَلُهُ اللَّهَ عَزَّ وَجَلَّ ‏.‏ قَالَ ‏"‏ سَلِ اللَّهَ الْعَافِيَةَ ‏"‏ ‏.‏ فَمَكَثْتُ أَيَّامًا ثُمَّ جِئْتُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ عَلِّمْنِي شَيْئًا أَسْأَلُهُ اللَّهَ ‏.‏ فَقَالَ لِي ‏"‏ يَا عَبَّاسُ يَا عَمَّ رَسُولِ اللَّهِ سَلِ اللَّهَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالآخِرَةِ ‏"‏ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ ‏.‏ وَعَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ بْنِ نَوْفَلٍ قَدْ سَمِعَ مِنَ الْعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ ‏.‏

বাংলা

৩৫১৪. আহামাদ ইবন মানী (রহঃ) ...... আব্বাস ইবন আবদুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি বললামঃ ইয়া রাসূলাল্লাহ! আমাকে এমন কিছু শিখিয়ে দিন যা দ্বারা আমি আল্লাহর কাছে প্রার্থনা করব। তিনি বললেনঃ আল্লাহর কাছে তুমি নিরাপত্তার দু'আ করবে। আমি কিছুদিন অপেক্ষা করে আবার এসে বললামঃ ইয়া রাসূলাল্লাহ! এমন কিছু আমাকে শিখিয়ে দিন যা দ্বারা আমি আল্লাহর কাছে চাইব। তিনি আমাকে বললেনঃ হে আব্বাস! হে আল্লাহর রাসূলের প্রিয় চাচা, আপনি আল্লাহর কাছে দুনিয়া ও আখেরাতের আফিয়াত (নিরাপত্তা) প্রার্থনা করুন।

সহীহ, মিশকাত, তাহকিক ছানী ২৪৯০, সহীহাহ ১৫২৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫১৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি সহীহ। রাবী আব্দুল্লাহ (রহঃ) হলেন ইবন হারিছ ইবন নাওফাল। তিনি সরাসরি আব্বাস ইবন মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু-এর নিকট থেকে হাদীস শুনেছেন।

## English

Al-`Abbas bin `Abdul-Muttalib said:

“I said: ‘O Messenger of Allah, teach me something that I may ask Allah, [Mighty and Sublime] for.’ He (ﷺ) said: ‘Ask Allah for Al-`Āfiyah.’ Then I remained for a day, then I came and said: ‘O Messenger of Allah, teach me something that I may ask Allah for.’ So he (ﷺ) said to me: “O Abbas, O uncle of the Messenger of Allah! Ask Allah for Al-`Āfiyah in the world and in the Hereafter.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আব্বাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38916

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন